সমকাল

31 AUG 2016
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫

# দৌলতপুরে ক্লাস থেকে বের করে শিক্ষককে মারধর

■ মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জের দৌলতপুরে ক্লাস চলাকালে শ্রেণিকক্ষ থেকে বের করে এক শিক্ষককে মারধর করেছে বহিরাগত সন্ত্রাসীরা। মারধরের শিকার মোহাম্মদ আলী জিন্নাহ উপজেলার বাঁচামারা উচ্চ বিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক। এ সময় সন্ত্রাসীরা অষ্টম শ্রেণির এক ছাত্রীকেও মারধর করে। তাদের দু'জনকে শিবালয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে এ ঘটনা ঘটে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুর রউফ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী কর্মকতাসহ সংশ্লিষ্টদের ঘটনার ব্যাপারে জানানো হয়েছে।

কয়েকজন শিক্ষক জানান, মোহাম্মদ আলী জিন্নাহ প্রায় চার বছর ধরে খণ্ডকালীন শিক্ষক হিসেবে কাজ করে আসছেন। সম্প্রতি তিনি শিক্ষক নিয়োগ পরীক্ষায় পাস করেন। কিন্তু রফিকুল ইসলাম নামে স্থানীয় এক যুবক মোহাম্মদ আলী জিন্নাহকে নিয়োগ না দিয়ে তার পছন্দের লোককে নিয়োগ দিতে স্কুল কমিটির কাছে দাবি জানান।

সেইসঙ্গে মোহাম্মদ আলী জিন্নাহকে বিদ্যালয়ে না আসার জন্য শাসিয়ে দেন। গতকাল ষষ্ঠ শ্রেণির 'খ' শাখার ক্লাস নেওয়ার সময় বাঁচামারা গ্রামের আবদুর রহিমের ছেলে রফিকুল ইসলামের নেতৃত্বে রবিউল ইসলাম ও মাসুদ রানাসহ কয়েকজন ওই শিক্ষককে শ্রেণিকক্ষ থেকে টেনে-হিঁচড়ে বের করে লাঠি দিয়ে পেটায়।

খবর পেয়ে দৌলতপুর থানার এসআই হাবিবুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি জানান, শিক্ষককে মারধরের ঘটনার সত্যতা মিলেছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।